গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২৬.০২.০১৪.২০২৬-৯১

তারিখঃ ২৫ চৈত্র ১৪৩২ / ০৮ এপ্রিল ২০২৬

বিষয়ঃ **আইসিটি নেটওয়ার্ক টেকনিশিয়ান কোর্স (এনসিও/ওআর)-৩৯ এ মনোনয়ন।**

বরাতঃ এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস এর পত্র নং-২৩.০১.৯৫৫.২৭৫.০১.০৫৭.০১.০৫.০৪.২৬ তারিখঃ ০৫ এপ্রিল ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও বরাতপত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ এপ্রিল হতে ১৮ জুন ২০২৬ তারিখ (০৮ সপ্তাহ) মেয়াদে এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাসে অনুষ্ঠেয় আইসিটি নেটওয়ার্ক টেকনিশিয়ান কোর্স (এনসিও/ওআর)-৩৯ কোর্সে নিম্নবর্ণিত কারারক্ষীকে মনোনয়ন প্রদান করা হলো।

| নং | নাম ও নম্বর | বর্তমান কর্মস্থল | মোবাইল নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | শান্ত দাস<br>কারারক্ষী নং- ২৩৪৮৬ | বান্দরবান জেলা কারাগার প্রেষণে-<br>আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা | ০১৬২৫-৩৭৮৫৪৬ | মনোনীত |

মেছবাহুল আলম সেলিম
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

**বিতরণ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সেনাসদর, জিএসশাখা, সামরিক প্রশিক্ষণ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩। কমান্ড্যান্ট, এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস।
৪। জেল সুপার, বান্দরবান জেলা কারাগার।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। — যোগদান নির্দেশিকা মোতাবেক উল্লেখিত পোষাক পরিচ্ছদ ও দ্রব্য সামগ্রী সাথে নিয়ে পূর্ণপ্রস্তুতির সহিত আগামী ২৩ এপ্রিল ২০২৬ তারিখ ১৭:০০ ঘটিকার পূর্বে এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাসে যোগদানের নির্দেশ দিতে অনুরোধ করা হলো। **যোগদান নির্দেশিকা এ সাথে সংযুক্ত করা হলো।**
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিআইইউ/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের জন্য), কারা অধিদপ্তর, ঢাকা।
৭। শাখা প্রধান, প্রশাসন/বাজেট/সংস্থাপন-২ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/কারা উপ-মহাপরিদর্শক (সকল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।

এসটিসিএন্ডএস
যশোর সেনানিবাস

তারালাপনীঃ ৫৫১০০ বর্ধিত ৩৪০২
E-mail: stcs.gso2coord@army.mil.bd

২৩.০১.৯৫৫.২৭৫.০১.০৫৭.০১.০৫.০৪.২৬ ০৫ এপ্রিল ২০২৬

**যোগদান নির্দেশিকা - আইসিটি নেটওয়ার্ক টেকনিশিয়ান কোর্স (এনসিও/ওআর)-৩৯**

বরাতঃ

ক। সেনাসদর, জিএস শাখা (এমটি পরিদপ্তর) পত্র নং ২৩.০১.৯০১.০২৬.০২.০৮৯.১৫৪০-১.০১.১৫.১২.২৫ তারিখ ১৫ ডিসেম্বর ২০২৫।

১। সাধারণ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নের ধারা অব্যাহত রাখতে বাংলাদেশ সেনাবাহিনীতে এনসিও/ওআরদের জন্য ''আইসিটি নেটওয়ার্ক টেকনিশিয়ান কোর্স'' এর গুরুত্ব অপরিসীম। আইসিটি প্রশিক্ষণের রোড ম্যাপ বাস্তবায়নের পদক্ষেপ হিসেবে বরাত পত্র মোতাবেক আগামী ২৬ এপ্রিল ২০২৬ হতে ১৮ জুন ২০২৬ তারিখ পর্যন্ত (০৮ সপ্তাহ) আইসিটি নেটওয়ার্ক টেকনিশিয়ান কোর্স (এনসিও/ওআর)-৩৯ এই প্রতিষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হবে।

২। কোর্সের উদ্দেশ্য। বাংলাদেশ সেনাবাহিনীর নির্বাচিত এনসিও/ওআরগণকে কম্পিউটার নেটওয়ার্ক গঠন ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে সম্যক জ্ঞান প্রদান করা।

৩। সময়সীমা। ২৬ এপ্রিল ২০২৬ হতে ১৮ জুন ২০২৬ তারিখ পর্যন্ত (০৮ সপ্তাহ)।

৪। নামীয় তালিকা। কোর্সে যোগদানকারী প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা বিএএফএক্স-১৮৭৬ (সংশোধিত) ফর্মে বাংলায় যথাযথভাবে পূরণ করতঃ আগামী **২০ এপ্রিল ২০২৬** তারিখের মধ্যে আর্মি ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড, সেনাসদর, জিএস শাখা (এমটি পরিদপ্তর) এবং সেনাসদর, জিএস শাখা (সিগন্যালস্ পরিদপ্তর) কে অবগতি পূর্বক সরাসরি অত্র সংস্থায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৫। প্রয়োজনীয় দলিলপত্রাদি। প্রশিক্ষনার্থীদের অত্র প্রতিষ্ঠানে উপস্থিতির পর নিম্নেবর্ণিত দলিলাদিসমূহ অভ্যর্থনা স্থানে দাখিল করতে হবেঃ

ক। টুপি ছাড়া কম্ব্যাট পোশাকের ছবি (রঙ্গিন):
(১) পাসপোর্ট সাইজ (সফট কপিসহ) - ০৪ কপি।
(২) ৪.৫ সেঃ মিঃ × ৪.৫ সেঃ মিঃ (সফট কপিসহ) - ০৪ কপি।
খ। গমনাদেশ - ০১ কপি।
গ। ডাক্তারী উপযুক্ততা সনদপত্র - ০১ কপি।
ঘ। এলআরসি - ০১ কপি।
ঙ। বিএএফএম-১২৪২ মেডিক্যাল হিষ্ট্রি সীট - ০১ কপি।
চ। চাকুরীর বিবরণ (ক্রোড়পত্র ক মোতাবেক) - ০১ কপি।
ছ। সামরিক পরিচয়পত্র।

৬। যোগ্যতা ও প্রবেশিকা পরীক্ষা। এই সংস্থায় উপস্থিত হওয়ার পর প্রশিক্ষণার্থীদের কোর্স শুরুর **১ম দিন প্রবেশিকা পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় অবশ্যই প্রশিক্ষণার্থীদের কৃতকার্য হতে হবে।** এছাড়াও প্রশিক্ষনার্থীগণকে নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন হতে হবেঃ

ক। প্রশিক্ষনার্থীগণকে **"Intmed Knowledge on Com, routing and switching"** অথবা ডিভিশন/ফরমেশন পর্যায়ে কম্পিউটার/নেটওয়ার্ক ক্যাডারে যোগ্য হতে হবে।

খ। **প্রশিক্ষণার্থীগণকে অপারেটিং সিস্টেম, মাইক্রোসফট অফিস, ইন্টারনেট ও ই-মেইল, কাস্টমাইজড সফটওয়্যার এবং ইউটিলিটি সফটওয়্যার ব্যবহারে দক্ষ হতে হবে।**

গ। অংশগ্রহনকারী সকলকে অবশ্যই বিটিটিতে যোগ্য হতে হবে।

ঘ। প্রশিক্ষনার্থীগন এনসিও/ওআর পদবীর হতে পারে।

ঙ। **চাকুরী অবশ্যই ০৪ বৎসর এর উপরে হতে হবে।**

৭। **পাঠ্যসূচী**। রক্ষণাবেক্ষণ পাঠ্যসূচী অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত পাঠ্যসূচী প্রশিক্ষণার্থীগণ প্রচলিত নিয়ম অনুযায়ী লাইব্রেরী হতে সংগ্রহ করতে পারবেন।

৮। **আরটিইউ (RTU)**। সদর দপ্তর আর্মি ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড, ট্রেনিং ডিভিশন (প্লান এন্ড রিসোর্স শাখা) পত্র নং ২৩.০১.৯২০.০৯২.০৭.১০১.০১.১৫.১১.২৩ তারিখ ১৫ নভেম্বর ২০২৩ এর নীতিমালা অনুসরণ করা হবে।

৯। **ষ্টেশনারী**। সকল প্রশিক্ষণার্থীগণকে প্রয়োজনীয় ষ্টেশনারী (কাগজ, কলম, পেন্সিল, ক্লিপবোর্ড, পেপার পিন, ষ্ট্যাপলার মেশিন, ড্রইং শীট, বিভিন্ন রকমের আর্ট কলম, নোট বুক, ফাইল কভার, মার্কার, বোর্ডপিন, ট্যাঙ্ক পেপার ইত্যাদি) সংগে আনতে হবে। শুধুমাত্র পরীক্ষার জন্য প্রয়োজনীয় ষ্টেশনারী এই সংস্থা হতে সরবরাহ করা হবে।

১০। **পোশাক ও সরঞ্জামাদি**। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে নিম্নলিখিত পোশাক ও সরঞ্জামাদি সংগে আনতে হবেঃ

ক। ব্যক্তিগত পোশাকাদিসহ **(সাদা শার্ট, কালো প্যান্ট এবং কালো সু)**।
খ। সামরিক পোশাকাদি।
গ। এফএসএমও (১৩ আইটেমসহ)।
ঘ। গ্রাউন্ড শীট।
ঙ। বিছানা পত্র।
চ। রেইন কোর্ট।
ছ। বইপত্র বহন করার ব্যাগ।
জ। **ব্যক্তিগত ল্যাপটপ (বাধ্যতামূলক)**।

১১। **আগমন ও অভ্যর্থনা**। ইউনিট/সংস্থা কর্তৃক প্রশিক্ষণার্থীগণকে **আগামী ২৩ এপ্রিল ২০২৬ তারিখ ১৭০০ ঘটিকার পূর্বে এই প্রতিষ্ঠানে** প্রেরণ নিশ্চিত করতে হবে। এই সংস্থায় পৌছার পর অনতিবিলম্বে প্রশিক্ষণার্থীগণ ৬নং অনুচ্ছেদে বর্ণিত নথিপত্র অভ্যর্থনাকারীর নিকট উপস্থাপন করবে। আইসিটি নেটওয়ার্ক টেকনিশিয়ান কোর্স (এনসিও/ওআর)-৩৯ এর কোর্স উপদেষ্টা বিএ-৯৭৩১ মেজর আবদুল্লাহ আল মামুন, সিগস্ (মোবাইল নম্বর-০১৭৬৯-৫৫৩৫৪০), কোর্স জেসিও বিজেও-৫৮৩৩১ সিনিঃ ওয়াঃ অফিঃ (এফঅবএস) এ জেড এম কাউসার, সিগস্ (মোবাইল নম্বর-০১৭১৬-৬২৩৮০৩) এবং কোর্স এনসিও নম্বর-১৬১৭৯৩০ কর্পোরাল (অপারেটর) মোঃ মোজাম্মেল হোসেন (মোবাইল নম্বর-০১৯২৬-৩৮৫৬৪৪) নির্দিষ্ট দিনে অভ্যর্থনার দায়িত্বে থাকবেন। প্রয়োজনে সামরিক টেলিফোন নম্বর ৯৫৫-৩৫৩৮ তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১২। **আহার ও বাসস্থান**।

ক। সকল প্রশিক্ষণার্থীগণ অত্র সংস্থার সৈনিক মেসে খাবার গ্রহণ করবেন এবং সৈনিক ব্যারাকে অবস্থান করবেন। কাউকে নিজ ব্যবস্থায় বাসস্থানে অথবা সেনানিবাসের বাহিরে থাকার অনুমতি দেয়া হবে না।

খ। **মেহমান/পরিবারবর্গ**। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষর্ণার্থীদের মেহমান/পরিবারবর্গদের এসটিসিএন্ডএস এ আগমনে নিরুৎসাহিত করা হলো এবং এসটিসিএন্ডএস কর্তৃক কোন প্রকার আহার ও বাসস্থানের সুবিধা প্রদান করা হবে না।

১৩। **লাইব্রেরী**। এই প্রতিষ্ঠানে একটি লাইব্রেরী রয়েছে। প্রশিক্ষণার্থীগণ কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় বই/প্রেসী উক্ত লাইব্রেরী থেকে নিয়ম অনুযায়ী সংগ্রহ করতে পারবেন।

১৪। **বিনোদন**। এই প্রতিষ্ঠানে সৈনিক বিনোদন কক্ষে পর্যাপ্ত বিনোদনের ব্যবস্থা রয়েছে। এছাড়াও এই সংস্থার পাশেই অবস্থিত বিনোদিয়া ফ্যামিলি পার্ক, যেখানে ছুটির দিনগুলোতে কোর্সের শিক্ষার্থীগণ গমন করতে পারবে।

১৫। **ছুটি**। কোর্স চলাকালীন সময়ে বিশেষ প্রয়োজন ব্যতীত প্রক্ষিণার্থীগণকে কোন প্রকার ছুটি প্রদান করা হবে না। এছাড়াও কোর্স চলাকালীন বেসামরিক পরীক্ষার জন্য কোন প্রশিক্ষণার্থীকে ছুটি প্রদান করা হবে না।

১৬। **বেতন ও ভাতা**। বেতন ও ভাতা রেগুলেশন (ভলিয়ম-২) বিধি-১৯৩ (সি) মোতাবেক কোর্সে যোগদানকারী সকল প্রক্ষিণার্থীদের কোর্সের পূর্ণ সময়ের বেতন ও ভাতা স্ব স্ব ইউনিট/সংস্থা হতে প্রদান করতে হবে।

১৭। **চিকিৎসা**। এসটিসিএন্ডএস এর এমআই রুম ছাড়াও যশোর সেনানিবাসের সম্মিলিত সামরিক হাসপাতালে প্রশিক্ষণার্থীরা প্রয়োজনীয় সকল প্রকার চিকিৎসার সুবিধা পাবেন।

১৮। **নিষিদ্ধ সামগ্রী**। নিম্নলিখিত দ্রব্যাদি প্রশিক্ষণার্থীগণের সাথে আনা নিষিদ্ধঃ

ক। বিগত কোর্সের প্রশিক্ষণার্থীর নিকট হতে কোন প্রকার সংশোধিত লিখিত কাগজপত্র।
খ। ব্যক্তিগত কোন আগ্নেয়াস্ত্র বা গোলাবারুদ।
গ। অপ্রয়োজনীয় সাহিত্য বা ম্যাগাজিন।
ঘ। মূল্যবান সামগ্রী যেমন- দামী মোবাইল ফোন, ক্যামেরা, স্বর্ণের চেইন এবং স্বর্ণের আংটি ইত্যাদি।
ঙ। প্রচলিত সেনা নিয়ম অনুযায়ী অন্যান্য নিষিদ্ধ দ্রব্যাদি।

১৯। **যোগাযোগের ঠিকানা**। কোর্স চলাকালীন সময়ে নিম্নোক্ত ঠিকানায় টেলিফোন/মোবাইলে প্রশিক্ষণার্থীদের সাথে যোগাযোগ করা যাবেঃ

ক। **ডাক যোগাযোগ**

(প্রশিক্ষণার্থীর পদবী, পেশা এবং নাম)
আইসিটি নেটওয়ার্ক টেকনিশিয়ান কোর্স (এনসিও/ওআর)-৩৯
এসটিসিএন্ডএস (স্কুল অব সিগন্যালস্)
যশোর সেনানিবাস, যশোর-৭৪০৩

খ। **টেলিফোন যোগাযোগ**

তারালাপনীঃ ৫৫১০০ বর্ধিত-৩৫০২ (জিএসও-২, ট্রেনিং)
মোবাইল নং ০১৭৬৯৫৫৩৫০২ (জিএসও-২, ট্রেনিং)

২০। **উপসংহার**। এসটিসিএন্ডএস প্রশিক্ষণ প্রদানের উৎকর্ষতা নিশ্চিতকল্পে সার্বক্ষণিক বাস্তবধর্মী ও সময়োপযোগী শিক্ষা প্রদানে বদ্ধ পরিকর। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের গুণগতমান, শিক্ষাগ্রহণের প্রতি নিষ্ঠা, ব্যক্তিগত আগ্রহ ও প্রতিযোগিতামূলক মনোভাব একান্ত অপরিহার্য।

মোঃ গোলাম মোস্তাহারুল ফেরদৌস
মেজর
কমান্ড্যান্টের পক্ষে

ক্রোড়পত্রঃ

ক। চাকুরীর বিবরণ।

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

সদর দপ্তর ৭/ ৯/ ১০/ ১১/ ১৭/ ১৯/ ২৪/ ৩৩/ ৫৫/ ৬৬ পদাতিক ডিভিশন
সদর দপ্তর আর্মি ট্রেনিং এন্ড ডকট্রিন কমান্ড
সদর দপ্তর ৮৬ স্বতন্ত্র সিগন্যাল ব্রিগেড
প্যারা কমান্ডো ব্রিগেড
সদর দপ্তর বিজিবি (প্রশিক্ষণ পরিদপ্তর)
বাংলাদেশ কোস্ট গার্ড
বাংলাদেশ কারা অধিদপ্তর

অভ্যন্তরীণঃ

অবগতিঃ

স্কুল শাখা

ক্রোড়পত্র ক
এসটিসিএন্ডএস পত্র নং
২৩.০১.৯৫৫.২৭৫.০১.০৫৭.০১.০৫.০৪.২৬
তারিখঃ ০৫ এপ্রিল ২০২৬

পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করুন

## চাকুরীর বিবরণ

১। সেনা নং, পদবী, পেশা এবং নাম (বাংলায়): ---------------------------------
ইংরেজী : ---------------------------------
২। মোবাইল নম্বর : ---------------------------------
৩। আর্মস/সার্ভিসেস : ---------------------------------
৪। ইউনিট : ---------------------------------
৫। ফরমেশন : ---------------------------------
৬। সেনাবাহিনীতে ভর্তির তারিখ : ---------------------------------
৭। বর্তমান পদে পদোন্নতির তারিখ : ---------------------------------
৮। ইউনিট অধিনায়কের বিবরণ:

| অধিনায়কের নাম (বিএ নম্বর, পদবী ও উপাদিসহ) | মোবাইল নম্বর |
|---|---|
| বাংলায়ঃ | |
| ইংরেজীঃ | |

৯। বিএসএম ও সিএসএম এর বিবরণ:

| নাম | মোবাইল নম্বর |
|---|---|
| বিএসএমঃ | |
| সিএসএমঃ | |

১০। শিক্ষাগত যোগ্যতা- সামরিক: -------------- বেসামরিক: --------------------
১১। সেনাবাহিনী পর্যায়ে কোর্স (ফলাফলসহ) :
ক। ---------------------- খ। ----------------------
গ। ---------------------- ঘ। ----------------------
১২। স্থায়ী ঠিকানা : ---------------------------------------------
১৩। বৈবাহিক অবস্থা: বিবাহিত/অবিবাহিত।
১৪। পরিবারের বিবরণ:

| সদস্যদের নাম | মোবাইল নম্বর |
|---|---|
| স্ত্রী/স্বামীর নাম: | |
| পুত্র/কন্যার নাম: | |
| পুত্র/কন্যার নাম: | |
| পুত্র/কন্যার নাম: | |

১৫। পরিবারের বর্তমান অবস্থান(পূর্ণ ঠিকানা): ---------------------------------------------
১৬। পিতা, মাতা ও নিকটতম আত্মীয়ের বিবরণ:

| সদস্যদের নাম | মোবাইল নম্বর |
|---|---|
| পিতার নাম (মৃত/জীবিত): | |
| মাতার নাম (মৃত/জীবিত): | |
| শ্বশুরের নাম (মৃত/জীবিত): | |
| শ্বাশুড়ীর নাম (মৃত/জীবিত): | |
| ভাইয়ের নাম (মৃত/জীবিত): | |
| নিকটতম যোগাযোগকারীর নাম : | |

প্রত্যায়ন করা যাচ্ছে যে, উপরোক্ত সকল তথ্যাদি সম্পূর্ণ সঠিক বলে নিম্নে স্বাক্ষর করিলামঃ

তারিখ :________________ ________________
ব্যক্তিগত স্বাক্ষর

তারিখ :________________ ________________
ইউনিট অধিনায়কের স্বাক্ষর